১০০

দৈনিক বাংলা

তারিখ 1 1 SEP 1993
পৃষ্ঠা ৮ কলাম ২

# শিক্ষাঙ্গনে শিক্ষার পরিবেশ নেই ঃ এমাজউদ্দীন

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদ বলেছেন, শিক্ষাঙ্গনে বর্তমানে শিক্ষাদান বা গ্রহণের উপযুক্ত পরিবেশ নেই। সন্ত্রাস ও নৈরাজ্য সমগ্র শিক্ষা ব্যবস্থাকে গ্রাস করেছে।

তিনি শুক্রবার স্যার জগদীশচন্দ্র বসু স্মরণে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণ দেন।

জাতীয় যাদুঘর মিলনায়তনে স্যার জগদীশচন্দ্র বসু ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আ আ ম মাহমুদুল হক। অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ডঃ আশরাফ সিদ্দিকী, ডঃ হুমায়ুন আজাদ, যাদুঘরের মহাপরিচালক শেখ আকরম আলী, ডাঃ এ আর খান, আবুল কাসেম ইঞ্জিনীয়ার, এডভোকেট মোশাররফ হোসেন প্রমুখ বক্তৃতা করেন।

ভাইস চ্যান্সেলর বলেন, স্যার জগদীশ চন্দ্র বসু জ্ঞান-বিজ্ঞানকে আমাদের দেশের মতো করে কাজে লাগাতে চেয়েছিলেন। তিনি দেশের উন্নয়নের লক্ষ্যে এই মহান বৈজ্ঞানিকের চিন্তাধারা অনুসরণ করে অগ্রসর হওয়ার আহবান জানান।

যাদুঘরের মহাপরিচালক আকরম আলী জগদীশচন্দ্র বসু স্মৃতির নিদর্শন সংগ্রহ করে দিলে জাতীয় যাদুঘরে তাঁর নামে একটি কর্নার স্থাপন করা হবে বলে আশ্বাস দেন।